**একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত**

# বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ, ঢাকা
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি-১৪/২০২৫ জে, তারিখ: ৩০ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ / ১৩ মে ২০২৫ খ্রিষ্টাব্দ

**বিষয় : বিচারপ্রার্থী জনগণের সেবাপ্রাপ্তি সহজীকরণের লক্ষ্যে দেশের ৬৪(চৌষট্টি) টি জেলায় ও ০৮(আট) টি মহানগর এলাকায় হেল্পলাইন চালুকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, দেশের সকল নাগরিকের বিচার সেবায় অভিগম্যতা এবং বিচার সংক্রান্ত অবাধ তথ্য প্রবাহ নিশ্চিতকরণের লক্ষ্যে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয় সকল অধস্তন আদালত/ট্রাইব্যুনালের সাথে সকল নাগরিকের বিচারিক সেবা প্রাপ্তিতে প্রতিবন্ধকতা, নানাবিধ অনিয়ম দূরীকরণের উদ্দেশ্যে দেশের ৬৪(চৌষট্টি) টি জেলায় ও ০৮(আট) টি মহানগর এলাকায় হেল্পলাইন চালু করার জন্য সদয় অভিপ্রায় ব্যক্ত করেছেন। জেলার/মহানগর এলাকার সকল অধস্তন আদালত উক্ত হেল্পলাইনের আওতাভুক্ত থাকবে। **দেশের বিভিন্ন ট্রাইব্যুনাল ও বিশেষ জজ/বিভাগীয় বিশেষ জজ আদালতসমূহকে ধাপে ধাপে উক্তরূপ হেল্পলাইনের আওতাভুক্ত করা হবে।**

২। হেল্পলাইন চালুর বিষয়ে প্রত্যেক জেলা ও দায়রা জজ এবং মহানগর দায়রা জজ কর্তৃক ০৩(তিন) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন এবং মনোনীত একজন বিচার বিভাগীয় কর্মকর্তা উক্ত হেল্পলাইনের প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালনসহ উক্ত কমিটি বিচারপ্রার্থী জনগণের অনুকূলে হেল্পলাইনের মাধ্যমে প্রদত্ত সেবার মাসিক প্রতিবেদন সংশ্লিষ্ট জজশীপের জেলা ও দায়রা জজ/প্রযোজ্য ক্ষেত্রে মহানগর দায়রা জজ-এর মাধ্যমে পরবর্তী মাসের ০৭(সাত) তারিখের মধ্যে অত্র কোর্টে প্রেরণ করবেন।

**৩। উল্লেখ্য যে, দেশের ৬৪(চৌষট্টি) জেলায় ও ০৮(আট) টি মহানগর এলাকায় হেল্পলাইন চালুকরণের নিমিত্ত প্রত্যেক জেলা জজশীপের জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ বরাবর একটি মোবাইল ফোন এবং সীমকার্ড অত্র কোর্ট কর্তৃক সরবরাহ করা হবে।**

৪। আরো উল্লেখ্য যে, জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ সংশ্লিষ্ট সকলের সাথে মতবিনিময় করতঃ প্রচারের নিমিত্ত উক্ত হেল্পলাইন নাম্বারটি অধস্তন আদালতের সকল শাখার সামনে এবং আদালত প্রাঙ্গণের গুরুত্বপূর্ণ স্থানে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

মাননীয় প্রধান বিচারপতির সানুগ্রহ আদেশক্রমে
**স্বাক্ষরিত**
(মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন)
রেজিস্ট্রার (বিচার)
ফোন: ০২-২২৩৩৫৮৭৮০
ইমেইল: registrar.judicial@supremecourt.gov.bd

স্মারক নং-১ই-১৪/২৫-৪৩৪৭ জে, তারিখ: ৩০ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ / ১৩ মে ২০২৫ খ্রিষ্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ,.............................................(সকল)।
৩। মহানগর দায়রা জজ, ..............................................(সকল)।
৪। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,......................................(সকল)।
৫। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,....................................(সকল)।



CamScanner

৬। সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা আইনজীবী সমিতি,..........................................................(সকল)।

৭। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

৮। মাননীয় রেজিস্ট্রার জেনারেল মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

৯। মাননীয় প্রধান বিচারপতির সচিব, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

১০। সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১১। জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

১২। অফিস কপি।

২১.০৫.২৫

(এস.এম. সাদাকাত মাহমুদ)
সহকারী রেজিস্ট্রার (বিচার)
ফোন: ০২৫৫১১০৪৯৪



CamScanner